

📃 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬ : ৭১

💵 আরবি মূল আয়াত:

اَوَ لَم يَرُوا اَنَّا خَلَقنَا لَهُم مِّمَّا عَمِلَت آيدِينَا اَنعَامًا فَهُم لَهَا مُلِكُونَ ﴿٧١﴾

তারা কি দেখেনি, আমার হাতের তৈরী বস্তুসমূহের মধ্যে আমি তাদের জন্য চতুপ্পদ জন্তু সৃষ্টি করেছি। অতঃপর তারা হল এগুলোর মালিক। — আল-বায়ান

তারা কি দেখে না যে আমার হাতে তৈরি জিনিসগুলোর মধ্যে আমি তাদের জন্য সৃষ্টি করেছি গৃহপালিত পশু আর এখন তারা এগুলোর মালিক! — তাইসিকল

তারা কি লক্ষ্ম করেনা যে, নিজ হতে সৃষ্ট বস্তুর মধ্যে তাদের জন্য আমি সৃষ্টি করেছি গৃহ পালিত পশু এবং তারাই ওগুলির অধিকারী। — মুজিবুর রহমান

Do they not see that We have created for them from what Our hands have made, grazing livestock, and [then] they are their owners? — Sahih International

- ৭১. আর তারা কি লক্ষ্য করে না যে, আমাদের হাত যা তৈরী করেছে তা থেকে তাদের জন্য আমরা সৃষ্টি করেছি গবাদিপশুসমূহ অতঃপর তারাই এগুলোর অধিকারী?(১)
 - (১) আয়াতে চতুপ্পদ জন্তু সৃজনে মানুষের উপকারিতা এবং প্রকৃতির অসাধারণ কারিগরি উল্লেখ করার সাথে আল্লাহ তা'আলার আরও একটি মহা অনুগ্রহ বিধৃত হয়েছে। তা এই যে, চতুপ্পদ জন্তু সৃজনে মানুষের কোনই হাত নেই। এগুলো একান্তভাবে প্রকৃতির স্বহস্তে নির্মিত। আল্লাহ তা'আলা মুমিনকে কেবল চতুপ্পদ জন্তু দারা উপকার লাভের সুযোগ ও অনুমতিই দেননি, বরং তাদেরকে এগুলোর মালিকও করে দিয়েছেন। ফলে তারা এগুলোতে সর্ব প্রকারে মালিকসুলভ অধিকার প্রয়োগ করতে পারে। নিজে এগুলোকে কাজে লাগাতে পারে অথবা এগুলো বিক্রি করে সে মূল্য দারা উপকৃত হতে পারে। [দেখুন: তাবারী, সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৭১) ওরা কি লক্ষ্য করে না যে, আমি নিজ হাতে যা সৃষ্টি করেছি[1] তার মধ্যে ওদের জন্য সৃষ্টি করেছি পশু[2] এবং ওরাই এগুলির মালিক? [3]



- [1] এতে অন্য কারো অংশীদার হওয়ার কথা খন্ডন করা হয়েছে। অর্থাৎ, যা আমি নিজ হাতে সৃষ্টি করেছি; যার সৃষ্টিতে অন্য কারোর কোন প্রকার অংশ নেই।
- [2]_ ौं এর বহুবচন। যার অর্থ চতুম্পদ জন্তু; অর্থাৎ উট, গরু, ছাগল এবং ভেঁড়া-দুস্বা।
- [3] অর্থাৎ, তারা তা ইচ্ছামত ব্যবহার করে। যদি আমি তাদের মধ্যে (অন্য কিছু জন্তুর মত) হিংস্রতা ভরে দিতাম, তাহলে এই সকল পশু পোষ না মেনে তাদের কাছ থেকে দূরে পালাত এবং তা তাদের অধীনে ও মালিকানায় আসত না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3776

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন